বলীয়সা॥ তপোযুক্তেন যোগেন তীব্রেনাত্মসমাধিনা॥ প্রকৃতিঃ পুরুষস্যেহ দহ্যমানা ত্বহর্নিশম্। তিরোভবিত্রী শনকৈরগ্নের্যোনিরিবারণিঃ॥ ২২৬॥

নিমিত্তিং ফলম্। ন তৎনিমিত্তিং প্রবর্ত্তকং যস্মিন্ তেন নিষ্কামেণ। অমলাত্মনা নির্ম্মলেন মনসা। জ্ঞানেন শাস্ত্রোত্থেন। যোগো জীবাত্মপরমাত্মনোর্ধ্যানম্॥ যোগঃ সংহননোপায়ধ্যানসঙ্গতিযুক্তিষ্বিতি নানার্থবর্গাৎ॥ ধ্যানমেব ধ্যাতৃধ্যেয়বিবেকরহিতং সমাধিঃ। অত্র সর্ব্বাসামের সিদ্ধীনাং মূলং ত্বচ্চরণার্চ্চনমিতুক্ত্যাভক্তেরেবাঙ্গিত্বেঽপি অঙ্গবন্নির্দ্দেশস্তেষাং তত্র সাধনান্তরসামান্যদৃষ্টিরিত্যভিপ্রায়েণ। অতএব তেষাংমোক্ষ-মাত্রমেব ফলমিতি॥ ৩॥ ২৩॥ শ্রীকপিলদেবঃ॥ ২২৬॥

জ্ঞামমিশ্রমাহ—বিবক্তক্ষেমশরণো মদ্ভাববিমলাশয়ঃ। আত্মনং চিন্তয়েদকমভেদেন ময়া মুনিঃ॥ ২২৭॥ ভাবো ভাবনা ৮।১১।২১ শ্রীভগবান্॥ ২২৭॥

তদেবং কৈবল্যকামায়াং জ্ঞানমিশ্রোক্তা। অথ ভক্তিমাত্রকামায়াং কর্ম্মমিশ্রা যথা—শ্রদ্ধামৃতকথায়াং মে শশ্বন্মদনুকীর্ত্তনম্। পরনিষ্ঠা চ পূজায়াং স্তুতিভিঃ স্তবনং মম ইত্যাদি মদর্থেঽর্থপরিত্যাগো ভোগস্য চ সুখস্য চ। ইষ্টং দত্তং হুতং জপ্তং মদর্থং যদ্ব্রতং তপঃ॥ এবং ধর্ম্মৈর্মনুষ্যাণামুদ্ধবাত্মনিবেদিনাম্॥ ময়ি সঞ্জায়তে ভক্তিঃ কোন্বর্থোঽস্যাবশিষ্যতে॥ ইত্যন্তম্॥

মদর্থে মদ্ভজনার্থং তদ্বিরোধিনোঽর্থস্য পরিত্যাগ। ভোগস্য তৎসাধনস্য চন্দনাদেঃ। সুখস্য পুত্রোপলালনাদেঃ। ইষ্টাদি বৈদিকং যৎ কর্ম্ম তদপি মদর্থং কৃতং ভক্তেঃ কারণমিত্যর্থঃ। ধর্ম্মৈ র্ভাগবতাভিধৈঃ এবং কায়বাঙ্‌মনোভিস্তদর্থমাত্রচেষ্টাবত্ত্বেনানু-ষ্ঠিতৈর্ভগবদ্ধর্ম্মৈরাত্মনিবেদিনাম্। যস্যাস্তি ভক্তি-র্ভগবত্যকিঞ্চনেত্যাদিন্যায়েনাস্য ভক্তি-মাত্রকামস্য অন্যঃ কোঽর্থঃ সাধনরূপঃ সাধ্যরূপো বা বশিষ্যতে। সর্ব্বোঽসাবনাদৃতোঽপি ভবতীত্যর্থঃ॥ ১১। ১৮॥ শ্রীভগবান্॥ ২২৮॥

এইক্ষণ কৈবল্যকামা ভক্তি দেখান হইতেছে। সেই কৈবল্যকামা ভক্তি কোথাও কর্ম্ম-জ্ঞানমিশ্রা, কোথাও বা জ্ঞানমিশ্রা। তন্মধ্যে জ্ঞান শব্দের অর্থ—ঐকাত্ম্যদর্শন, অর্থাৎ জীবাত্মা ও পরমাত্মার স্বরূপগত অভেদদর্শনের নাম জ্ঞান—ইহা পূর্ব্বে দেখান হইয়াছে। সেই জ্ঞানাঙ্গ-শ্রবণ-মননাদি এবং বৈরাগ্য, যোগ ও সাংখ্যজ্ঞানের অঙ্গ বলিয়া ভক্তিমধ্যে গণিত হয় না। দুই প্রকার কৈবল্যকামা ভক্তির মধ্যে কর্ম্মজ্ঞানমিশ্রা ভক্তির দৃষ্টান্ত ৩।২৩।২০— ২১ শ্লোকে দেখান হইতেছে।

শ্রীভগবান কপিলদেব নিজ জননীকে বলিলেন—হে মাতঃ! কেবল প্রকৃতি-সম্বন্ধই জীবের বন্ধনের কারণ, কিন্তু গুণবৃদ্ধিতে সেই প্রকৃতি-কার্য্যে আসক্তি নিবৃত্তি হইলেই জীবের মোক্ষও হইতে পারে। কখন যে আচার-যুক্ত পুরুষের প্রকৃতি-কার্য্যে আসক্তি পরিলক্ষিত হয়, সেটি সাধনবৈকল্যেই ঘটিয়া থাকে। এই অভিপ্রায়েই সাধনাতিশয় বর্ণন করতঃ ভয়নিবৃত্তির উপায় বলিতেছেন। ফলাভিসন্ধিরহিতের নামই অনিমিত্ত। সেই